দৈনিক
# ইনকিলাব

তারিখ 13 JUL 2013
পৃষ্ঠা ১৬ কলাম ৭

# জাতিসংঘে মালালা
# স্কুল শিক্ষা অবৈতনিক ও বাধ্যতামূলক করুন

□ ইনকিলাব ডেস্ক

শিশুদের জন্য বাধ্যতামূলক শিক্ষা চালুর আবেদন জানিয়েছেন পাকিস্তানের মানবাধিকারকর্মী ও কিশোরী ব্লগার মালালা ইউসুফজাই। গতকাল নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ সভায় নিজের ১৬তম জন্মবার্ষিকী পালন অনুষ্ঠানে দেয়া ভাষণে এ আহ্বান জানান তিনি।

জাতিসংঘ মহাসচিব বান কি-মুন ও বিশ্বের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় এক হাজার তরুণ শিক্ষার্থীর সম্মুখে দেয়া ভাষণে মালালা বলেন, জীবনযাত্রাকে উন্নত করার একমাত্র মাধ্যম শিক্ষা। মাথায় গোলাপী রংয়ের স্কার্ফ পরিহিত মালালা বলেন, আমাদের বই ও কলম দিন। এগুলোই আমাদের পৃঃ ১৫ কঃ ১

# স্কুল শিক্ষা অবৈতনিক

*১৬-এর পৃষ্ঠার পর*

সবচেয়ে শক্তিশালী অস্ত্র। একটি শিশু, একজন শিক্ষক, একটি কলম এবং একটি বই পুরো বিশ্বকে বদলে দিতে পারে। শিক্ষাই একমাত্র সমাধান।

তালিবানদের উদ্দেশ করে মালালা বলেন, তারা ভেবেছিল বুলেট আমাদের স্তব্ধ করে দেবে, কিন্তু তারা ব্যর্থ হয়েছে। নারী ও শিশু শিক্ষা আন্দোলনের এ অগ্রদূত বলেন, চরমপন্থীরা বই ও কলমকে ভয় পায়, ভয় পায় নারীকেও।

উল্লেখ্য, গত বছরের অক্টোবরে স্কুল থেকে বাড়ি ফেরার পথে পাকিস্তানের উত্তর-পশ্চিমাঞ্চলীয় অঞ্চল সোয়াতে তালিবানদের গুলিতে আহত হওয়ার পর এই প্রথম জনসম্মুখে ভাষণ দিলেন মালালা। মালালার জন্মদিন অর্থাৎ মালালা দিবসকে সামনে রেখে জাতিসংঘ জানিয়েছে, বিশ্বের পাঁচ কোটি ৭০ লাখ শিশু স্কুলে যায় না।

অন্যদিকে ইউনেস্কো ও সেভ দ্য চিলড্রেন জানিয়েছে, ২০০৮ সালে স্কুলে না যাওয়া শিক্ষার্থীর সংখ্যা ছিল ছয় কোটি। এরপর এ সংখ্যা কমলেও সংঘাত কবলিত দেশগুলোর প্রাথমিক স্কুলে মেয়েদের না যাওয়ার হার ৪২ থেকে ৫০ শতাংশ বেড়েছে। সূত্র : ওয়েবসাইট।